

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২৮

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ৯. সালাতসমূহের হিফাযাত করা

بَابِ فِي الْمُحَافَظَةِ عَلَى وَقْتِ الصَّلَوَاتِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عَوْنَ، أَخْبَرَنَا خَالِدٌ، عَنْ دَأْوَدَ بْنِ أَبِي هِنْدٍ، عَنْ أَبِي حَرْبِ بْنِ أَبِي الأَسْوَدِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ فَضَالَةَ، عَنْ أَبِيهِ، قَالَ عَلَمَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَانَ فِيمَا عَلَمَنِي " وَحَفِظْ عَلَى الصَّلَوَاتِ الْخَمْسِ " . قَالَ قُلْتُ إِنَّ هَذِهِ سَاعَاتٌ لِي فِيهَا أَشْغَالٌ فَمُرْنِي بِأَمْرٍ جَامِعٍ إِذَا أَنَا فَعَلْتُهُ أَجْزَأَ عَنِي فَقَالَ " حَفِظْ عَلَى الْعَصْرَيْنِ " . وَمَا كَانَتْ مِنْ لُغْتَنَا فَقُلْتُ وَمَا الْعَصْرَيْنِ فَقَالَ " صَلَادَةٌ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَصَلَادَةٌ قَبْلَ غُرُوبِهَا " .

- صحيح -

বাংলা

৪২৮। 'আবু দুলাহ ইবনু ফাদালাহ হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে (শারী'আত সম্পর্কে) শিক্ষা দেন। তন্মধ্যে তিনি আমাকে এটা শিক্ষা দেন যে, তুমি (নির্ধারিত সময়ে) পাঁচ ওয়াক্ত সালাতের হিফাযাত করবে। আমি বললাম, এ সময়গুলোতে আমার কর্মব্যস্ততা থাকে। অতএব আমাকে এমন একটা পরিপূর্ণ সময়ের (বা কাজের) নির্দেশ দিন যা করলে আমার পক্ষ হতে তা আদায় হয়ে যাবে। তিনি বললেনঃ তুমি দুই 'আসরের হিফাযাত করবে। আমাদের ভাষায় দুই 'আসর শব্দটি প্রচলিত না থাকায় আমি বললাম, দুই 'আসর কি? তিনি বললেনঃ দুটি সালাত, একটি হচ্ছে সূর্যোদয়ের পূর্বে, অপরটি সূর্যাস্তের পূর্বে (অর্থাৎ ফজর ও 'আসর সালাত)।[1]

সহীহ।

English

## Narrated Fudalah:

The Messenger of Allah (ﷺ) taught me and what he taught me is this: Observe the five prayers regularly. He said: I told (him): I have many works at these times; so give me a comprehensive advice which, if I follow, should be enough for me. He said: Observe the two afternoon prayers (al-asrayn). But the term al-asrayn (two afternoon prayers) was not used in our language. Hence I said: What is al-asrayn? He said: A prayer before the sunrise and a prayer before the sunset (i.e. the dawn and the afternoon prayers).

## ফুটনোট

[1] হাকিম (১পঃ ২০) বায়হাকী ‘সুনানুল কুবরা’ (১/৪৩৬) ইমাম হাকিম বলেন, আবু হারব ইবনু আবুল আসওয়াদ আদদায়লী একজন তাবেয়ী ছিলেন। ইমাম যাহাবী বলেন, এটি মুসলিমের শর্তে সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁচনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57746>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন